অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ইস্ট ফ্ল্যাটবুশে 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের অংশ হিসেবে নতুন সাশ্রয়ী আবাসন উন্নয়নের পরিকল্পনা ঘোষণা করেছেন

322-অ্যাপার্টমেন্ট মিক্সড-ইনকাম কমপ্লেক্সটি অন-সাইট সহায়ক সেবা প্রয়োজন এমন পরিবার, সিনিয়র এবং ব্যক্তিদের জন্য আবাসস্থল হবে

এই উন্নয়ন সেন্ট্রাল ব্রুকলিনে সাশ্রয়ী মূল্যের আবাসনে 4,000 ইউনিট তৈরির গভর্নরের প্রতিশ্রুতির একটি অংশ

রেন্ডারিং পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ব্রুকলিনের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ (Vital Brooklyn initiative), ইউটিকা ক্রিসেন্ট (Utica Crescent)-এর অধীনে সর্বশেষ বিজয়ী প্রস্তাবের কথা ঘোষণা করেছেন যা সেন্ট্রাল ব্রুকলিনে 322টি সাশ্রয়ী ও সহায়ক অ্যাপার্টমেন্ট নির্মাণ করবে। 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভটি স্বাস্থ্যসেবা থেকে শুরু করে আবাসন পর্যন্ত আটটি সমন্বিত অঞ্চলে লক্ষ্য স্থির ও বিনিয়োগ করেছে যা ব্রুকলিনের উচ্চ চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলোর দীর্ঘস্থায়ী অর্থনৈতিক ও বর্ণগত বৈষম্য মোকাবেলায় একটি নতুন মান প্রতিষ্ঠা করেছে।

"এই মহামারী আমাদের অনেক কমিউনিটির মধ্যে বিদ্যমান বৈষম্যকে আরো বাড়িয়ে তুলেছে এবং একই সাথে এটি দেখিয়েছে যে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ পাওয়া পাওয়া কতটা গুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেন।** "আমরা অভূতপূর্ব চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছি কিন্তু তারপরেও আমরা একসাথে আছি - আর এজন্যই স্টেট ইউটিকা ক্রিসেন্টের মতো প্রকল্পের মাধ্যমে এগিয়ে যাচ্ছে এবং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের সাহায্য করছে, যা শত শত নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ বাড়াবে।"

এই ভবনে মোট 322টি অ্যাপার্টমেন্ট থাকবে যা বেশ কয়েকটি পরিবারের আয়ের পরিমাণ অনুযায়ী সাশ্রয়ী হবে। চৌত্রিশটি ইউনিট পূর্বে গৃহহীন ব্যক্তি এবং পরিবারের জন্য সংরক্ষিত থাকবে এবং 96টি ইউনিট সিনিয়রদের জন্য আলাদা করা হবে। ইউটিকা ক্রিসেন্ট মোনাডনক ডেভেলপমেন্ট LLC (Monadnock Development LLC) এবং CB-ইমানুয়েল রিয়েলিটি LLC (CB-Emmanuel Realty

LLC)-এর যৌথ উদ্যোগ। ক্যাথলিক দাতব্য সংস্থাগুলি বাসিন্দাদের পাশাপাশি বৃহত্তর কমিউনিটিকে অন-সাইট সহায়ক সেবা প্রদান করবে।

এই স্থাপনাটি বর্তমানে ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেম (One Brooklyn Health System, OBHS)-এর মালিকানাধীন একটি পার্কিংয়ে নির্মিত হবে যা কিংসব্রুক জিউইস মেডিকেল সেন্টার (Kingsbrook Jewish Medical Center) সংলগ্ন। বিজয়ী প্রস্তাবের মধ্যে রয়েছে কিংসব্রুক জিউইস ক্যাম্পাসে তাদের বর্তমান ছোট ডায়ালিসিস সেন্টার প্রতিস্থাপনের জন্য OBHS দ্বারা পরিচালিত একটি নতুন ডায়ালিসিস সেন্টার বাস্তবায়নের পরিকল্পনা। এই ভবনে নিরাপদ বাণিজ্যিক ভাড়াটে হিসেবে একটি বৃহৎ পূর্ণ-সেবা মুদিদোকান এবং ছোট গ্রাউন্ড ফ্লোর স্টোরফ্রন্ট অন্তর্ভুক্ত করা হবে যা স্থানীয় ব্যবসার জন্য উপযুক্ত হবে। এছাড়াও, কিংসব্রুক জিউইস ইহুদি মেডিকেল সেন্টারের কর্মচারীদের জন্য বর্তমানে 300টি পার্কিং স্পেসসহ একটি আন্ডারগ্রাউন্ড পার্কিং গ্যারেজ প্রতিষ্ঠা করা হবে যারা বর্তমানে উন্নয়ন সাইটে পার্কিং করে তাদের জন্য।

বাসিন্দাদের জন্য অন-সাইট সুবিধার মধ্যে থাকবে লন্ড্রি রুম, ব্যায়াম এবং কার্যক্রম পরিচালনা কক্ষ, সাইকেল স্টোরেজ এবং মাল্টিপারপাস কমিউনিটি রুম। কমিউনিটি সমর্থিত কৃষি সেবা অন-সাইটে বিদ্যমান থাকবে।

উপরন্তু, উন্নয়ন পরিকাঠামোতে বেশ এনার্জি কার্যকরী কৌশল প্রণয়ন করা হবে যা কমিউনিটি এবং ব্যক্তিগত স্বাস্থ্যের জন্য অবদান রাখবে, যার মধ্যে রয়েছে সবুজ ছাদ, একটি এন্টারপ্রাইজ গ্রীন কমিউনিটি সার্টিফিকেশন (Enterprise Green Communities Certification) এবং জলবায়ু বন্ড উদ্যোগের প্রয়োজনীয়তা পূরণের জন্য এনার্জি স্টার মাল্টিফ্যামিলি হাই-রাইজ প্রোগ্রাম (ENERGY STAR multifamily high-rise program)-এর মান পূরণ। বাসিন্দা ও দর্শনার্থীদের বিনামূল্যে Wi-Fi সুবিধা প্রদান করা হবে যা সেন্ট্রাল ব্রুকলিনজুড়ে ইন্টারনেটের অ্যাক্সেস বাড়ানোর জন্য ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের প্রতিশ্রুতির একটি হলমার্ক।

ইউটিকা ক্রিসেন্ট প্রায় 30,000 বর্গ ফুট খোলা জায়গা রাখবে যা আবাসিক বাগান, কাঠের ব্লিচার, হাঁটার পথ এবং বেশ কিছু বাইরের কার্যকলাপ এলাকার সঙ্গে একটি বৃহৎ অভ্যন্তরীণ উঠান অন্তর্ভুক্ত করবে। আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উভয় বিনোদন যেমন- খেলা, হাঁটা, বসা এবং পিকনিকের স্থান, বিভিন্ন আবাসিক জনগণকে একই জায়গা উপভোগ করতে অনুমতি প্রদান করবে। রাস্তার স্তর বরাবর ল্যান্ডস্কেপিং এর মধ্যে গাছের সারি, বসার জায়গা, সাইকেল র‍্যারেকসমূহ এবং মুদি দোকানের গ্রাহকদের জন্য আউটডোর সাইকেল স্টোরেজ অন্তর্ভুক্ত করা হবে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "অর্থনৈতিক এবং স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য যা এই সব এলাকায় আঘাত করেছে এবং COVID-19-এর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে তা বোধগম্য নয়, কিন্তু আমরা একটি গুরুত্বপূর্ণ এবং নবায়নকৃত সেন্ট্রাল ব্রুকলিনের জন্য একটি শক্তিশালী দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যাওয়ার মাধ্যমে এই বৈষম্যের মোকাবেলা করব। গভর্নর কুওমোর ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ সুদৃঢ় সমাধান প্রদান করে, যেমন- ইউটিকা ক্রিসেন্ট যা আমরা জানি ইতোমধ্যে উন্নত

মানের সাশ্রয়ী মূল্যের আবাসনের বাধা ভেঙ্গে ফেলতে এবং আগামী প্রজন্মের জন্য আরো শক্তিশালী, আরো টেকসই কমিউনিটি গড়ে তুলতে সাহায্য করছে। এভাবেই নিউ ইয়র্ক সমতা, স্বাস্থ্য, উপযুক্ত আবাসন এবং সুযোগের জন্য লড়ায়ে নেতৃত্ব প্রদান করে যাচ্ছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "আগের তুলনায় নিউ ইয়র্ক মহামারীর আর্থিক পরিণতি থেকে আরও শক্তিশালী এবং আরও স্থিতিশীল হয়ে উঠেছে তা নিশ্চিত করার জন্য প্রাণবন্ত, বৈচিত্র্যময় এলাকা অপরিহার্য। এই উন্নয়ন শুধুমাত্র অনেক প্রয়োজনীয় নতুন বাড়ি তৈরি করবে না বরং আশেপাশের বাসিন্দাদের জন্য খুচরো, স্বাস্থ্য সেবা এবং চাকরির সুযোগ তৈরি করবে। গভর্নর কুওমো যখন বলেন যে আমরা আরও উন্নত এবং আরও ন্যায়সঙ্গতভাবে নির্মাণ করছি, এই প্রকল্পটি তার বক্তব্য কে প্রমাণ করে।"

সিনেটর জেলনর মিরি বলেন, "সাশ্রয়ী মূল্যের আবাসন ও সহজেই অ্যাক্সেসযোগ্য স্বাস্থ্যসেবার প্রয়োজনীয়তা ব্রুকলিনের সবচেয়ে দুর্বল কমিউনিটির বাসিন্দাদের কাছে গোপন বিষয় নয়। ইউটিকা ক্রিসেন্ট প্রকল্প একটি সৃজনশীল, আধুনিক, এনার্জি-কার্যকরী এবং স্বাস্থ্যমুখী উন্নয়ন যা প্রজন্মের পর প্রজন্ম ধরে বাসিন্দাদের আবাসন এবং কমিউনিটি সেবা প্রদান করবে যার মারাত্মক অভাব এই এলাকায় অনেক দিন ধরেই রয়েছে। গভর্নর কুওমো, HCR-এর কর্মী এবং উন্নয়ন দলকে তাদের অংশীদারিত্বের জন্য আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাই।"

পরিষদ সদস্য নিক পেরি বলেন, "ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ অব্যাহতভাবে আমাদের কমিউনিটির জন্য এমন এক সময়ে আশার আলো হিসেবে দাঁড়িয়েছে যখন এটির সবচেয়ে বেশি প্রয়োজন। COVID-এর প্রভাব ব্রুকলিনে দীর্ঘদিন ধরে চলতে থাকা আবাসন এবং স্বাস্থ্য সেবার বৈষম্যের দীর্ঘমেয়াদী সমাধানের প্রয়োজনীয়তা তুলে ধরে। গভর্নর কুওমো দেখিয়েছেন যে তিনি সমাধানগুলি বাস্তবায়নে আমাদের বাসিন্দা এবং অন্যান্য স্টেকহোল্ডারদের কথা শুনতে ইচ্ছুক যা আমরা আমাদের অনেক উদ্বেগের সমাধান করতে পারে। সেন্ট্রাল ব্রুকলিনে যারা আছেন তাদের পক্ষ থেকে, আমি গভর্নর এবং কমিশনার ভিসনাউসকাসকে ধন্যবাদ জানাতে চাই এই প্রয়োজনীয় উন্নয়নকে বাস্তব জীবনে আনতে সাহায্য করার জন্য।"

CB ইমানুয়েলেরয় জুনির ম্যানেজিং পার্টনার আর. ক্রিস ব্রামওয়েল বলেন, "CB ইমানুয়েল ইউটিকা ক্রিসেন্ট দলের অংশ হিসেবে সাইট K পুরস্কৃত করে আনন্দিত। আমরা সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নে MBE-এর অংশগ্রহণ জোরদার করার ক্ষেত্রে গভর্নরের ধারাবাহিকতা স্বীকার করছি এবং আমরা এই ঐতিহাসিকভাবে প্রাণবন্ত ও বৈচিত্র্যময় কমিউনিটি এবং ব্রুকলিন বরোর জন্য একটি প্রকল্প সরবরাহ ও সেবা প্রদানের অপেক্ষায় রয়েছি।"

মোনাডনক ডেভেলপমেন্ট অ্যান্ড মোনাডনক কনস্ট্রাকশনের চেয়ারম্যান নিকোলাস লেম্বো বলেন, "সম্মানিত কিংসব্রুক জিউইস মেডিকেল সেন্টার সংলগ্ন এই সেন্ট্রাল ব্রুকলিন সাইটে সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য নির্বাচিত দলের অংশ হতে পেরে মোনাডনক অত্যন্ত অনন্দিত। গভর্নর অ্যান্ড্রু কুওমো, NYS HCR কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস এবং ওয়ান ব্রুকলিন হেলথ

সিস্টেমের প্রধান নির্বাহী কর্মকর্তা লারাই ব্রাউনকে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য উচ্চ মানের বাড়ি সরবরাহ করার সক্ষমতার প্রতি তাদের আস্থার জন্য ধন্যবাদ।"

ক্যাথলিক চ্যারিটিস ব্রুকলিন, কুইন্স ও অনুমোদিত সংস্থা এজেন্সির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মনসিগনার আলফ্রেড লোপিন্টো বলেন, "ক্যাথলিক চ্যারিটিস ব্রুকলিন এবং কুইন্স এই রোমাঞ্চকর সুযোগে CB ইমানুয়েল, মোনাডনক (Monadnock) এবং তাদের দলের সাথে কাজ করতে পেরে আনন্দিত। ক্যাথলিক চ্যারিটিস ব্রুকলিন এবং কুইন্সে সাশ্রয়ী মূল্যের আবাসনের নেতৃস্থানীয় ডেভেলপার এবং আমরা ব্রুকলিনের ইস্ট ফ্ল্যাটবুশ কমিউনিটির জন্য বৃহত্তর সেবা প্রাপ্তির প্রত্যাশায় রয়েছি।"

সেন্ট্রাল ব্রুকলিনকে পুনরুজ্জীবিতকরণ

সেন্ট্রাল ব্রুকলিন নিউ ইয়র্ক স্টেটের সব থেকে বেশি অনুন্নত এলাকার একটি। বাসিন্দাদের স্বাস্থ্য সমস্যার তুলনামূলকভাবে উচ্চতর হারের অভিজ্ঞতা; স্বাস্থ্যকর খাবার বা শারীরিক কার্যকলাপের সুযোগগুলিতে সীমিত অ্যাক্সেস এবং হিংসা ও অপরাধের উচ্চ মাত্রা। এছাড়াও সেন্ট্রাল ব্রুকলিন বেকারত্ব, উচ্চ দারিদ্র্য হার এবং উচ্চ মানের স্বাস্থ্য পরিষেবায় অপর্যাপ্ত অ্যাক্সেসের কারণে বৃহৎ আকারের অর্থনৈতিক বৈষম্যের শিকার।

আজকের ঘোষণাটি 2018 সালের নভেম্বরে, 2019 সালের ডিসেম্বর এবং 2020 সালের জানুয়ারিতে গভর্নর কর্তৃক ঘোষিত ছয়টি বিজয়ী প্রস্তাবগুলিতে যুক্ত করে। একসাথে, এই উন্নয়ন সেন্ট্রাল ব্রুকলিনে 4,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরির জন্য ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের প্রতিশ্রুতিকে এগিয়ে নিয়ে যাবে। প্রতিটি বিজয়ী প্রস্তাব সামাজিক, চিকিৎসা ও কমিউনিটি সেবা; বিনোদনমূলক ও শিক্ষামূলক সুযোগ এবং উন্নয়নমূলক প্রতিবন্ধীদের জন্য সহায়ক পরিষেবাগুলি, দেখাশোনা যত্নের বাইরে বয়স্ক ব্যক্তি ও দীর্ঘদিন ধরে গৃহহীন পরিবারের জন্য অ্যাপার্টমেন্ট ও সহায়ক সেবা পরিষেবাগুলি অন্তর্ভুক্ত করে।

ভিটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের পরিচিতি

গভর্নর ব্রুকলিনের বাসিন্দাদের উপর প্রভাব বিস্তার করে এমন বৈষম্যের বিষয়টিকে সমাধান করার জন্য এবং ব্রুকলিনের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটির উন্নয়ন এবং সুস্থতার জন্য একটি নতুন মডেল তৈরি করতে 2017 সালের বসন্তে ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভে চালু করেছিলেন।

এরপর গভর্নর সেন্ট্রাল ব্রুকলিনের প্রতিটি অ্যাসেম্বলি সদস্যকে এই বিকল্পগুলি মূল্যায়ন করার জন্য এবং তাদের ডিস্ট্রিক্টের নিজস্ব চাহিদা এবং সুযোগ সুবিধা বিবেচনা করার জন্য- কমিউনিটি নেতৃবৃন্দ, স্থানীয় বিশেষজ্ঞ, আইনজীবী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল (Community Advisory Council) গঠনের দায়িত্ব প্রদান করেন। সেন্ট্রাল ব্রুকলিনের অংশগুলির প্রতিনিধিত্বকারী স্টেট সিনেটরগণও প্রক্রিয়াটিতে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। মোট 25টি কমিউনিটি মিটিং প্রায় 100টি মূল কমিউনিটির স্টেকহোল্ডারদের একত্রে করেছিল।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন